CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGLAN–301T

( কলা ও বাণিজ্য বিভাগের জন্য )

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

### UNIT—I

১। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত একটি দেশি শব্দের উদাহরণ দাও।

২। 'মুদ্রা' শব্দের উৎসভাষা কোনটি?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। একটি অসিদ্ধ তৎসম শব্দের উদাহরণ দাও।

৪। 'সূর্য' শব্দটি তৎসম না অর্ধতৎসম?

৫। 'আনারস' শব্দটি কোন্ ভাষাজাত?

## UNIT—II

৬। অর্থবিস্তারের একটি উদাহরণ দাও।

৭। গঙ্গা > গাঙ— অর্থ পরিবর্তনের কোন্ ধারায় হয়েছে?

৮। সংস্কারগত কারণে শব্দের অর্থ পরিবর্তনের একটি উদাহরণ দাও।

৯। 'ভাত' = সিদ্ধ চাউল > জীবিকাসংস্থান—এখানে অর্থ পরিবর্তনের কোন্ ধারা অনুসৃত হয়েছে?

১০। অর্থ সংক্রমের একটি উদাহরণ দাও।

## UNIT—III

১১। চলিত ভাষার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।





১২। আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে?

১৩। অশুদ্ধি সংশোধন করো : শারিরিক।

১৪। 'বাল্মিকি' না 'বাল্মীকি'—কোন্ বানানটি শুদ্ধ?

১৫। সাধু ও চলিত রীতির মিশ্রণকে কোন্ ধরনের দোষ বলা হয়?

## UNIT—IV

১৬। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

১৭। কমলাকান্ত কার আশ্রয়ে বাস করতেন?

১৮। কোন্ পত্রিকায় কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটে?

১৯। "সস্তা খরিদের অবিরত চেষ্টাকে মনুষ্যজীবন বলে।" উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত?

২০। 'একা' প্রবন্ধটি 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের কতসংখ্যক রচনা?

## UNIT—V

২১। 'বর্ষশেষ' কবিতাটি কত বঙ্গাব্দে রচিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। "রজনীর অন্ধকার
উজ্জয়িনী করি দিল লুপ্ত একাকার।"
এটি কোন্ কবিতার পংক্তি?

২৩। 'দুঃসময়' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

২৪। 'স্বপ্ন' কবিতায় কবি-প্রিয়ার নাম কী?

২৫। শূন্যস্থান পূর্ণ করো :
"পদ্মাসনে ব'স আসি _____ তুলিয়া ললাটে,"

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

### UNIT—I

২৬। বাংলা শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণীতে ভাগ করা হয়েছে ও কী কী?

২৭। মৌলিক শব্দ বলতে কী বোঝো?

### UNIT—II

২৮। 'সন্দেশ' শব্দের মূল অর্থ কী ছিল? অর্থ-পরিবর্তনের ফলে এর অর্থ কী দাঁড়ায়?

২৯। অর্থ সংকোচ বলতে কী বোঝো?





### UNIT—III

৩০। চলিত ভাষা কাকে বলে?

৩১। সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে সাধুভাষা ও চলিতভাষার পার্থক্য উল্লেখ করো।

### UNIT—IV

৩২। 'বড় বাজার' প্রবন্ধটিতে মোট কয়টি বাজারের উল্লেখ রয়েছে? লেখক প্রথম কোন্ বাজারে গিয়েছিলেন?

৩৩। ভীষ্মদেব খোসনবীশ কে ছিলেন? মঙ্গলা কার নাম?

### UNIT—V

৩৪। 'স্বপ্ন' কবিতায় সংস্কৃত কোন্ কবির প্রভাব পড়েছে? কবিতায় উল্লিখিত 'কুরুবক' শব্দটির অর্থ লেখো।

৩৫। 'কল্পনা' কাব্যগ্রন্থের প্রকাশকাল কত? এই কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

### UNIT—I

৩৬। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত আগন্তুক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৭। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দগুলির পরিচয় দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—II

৩৮। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের তিনটি ধারার পরিচয় দাও।

৩৯। শব্দার্থ পরিবর্তনের ঐতিহাসিক ও উপকরণগত কারণ উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

## UNIT—III

৪০। উদাহরণসহ বাংলা সাধুভাষারীতির সংজ্ঞা ও কয়েকটি বৈশিষ্ট্য লেখো।

৪১। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানরীতির আটটি বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

## UNIT—IV

৪২। 'মনুষ্যফল' প্রবন্ধে সমাজের কিছু-সংখ্যক মানুষের স্বভাব-বৈশিষ্ট্য ব্যঙ্গের মোড়কে পরিবেশন করা হয়েছে। বিষয়টি আলোচনা করো।

৪৩। 'একা' প্রবন্ধের মূলভাব বিশ্লেষণ করো।



*( Continued )*



## UNIT—V

৪৪। 'দুঃসময়' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

৪৫। 'বৈশাখ' কবিতাটিতে প্রকৃতির যে রুদ্ররূপ লক্ষ্য করা যায় তার একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

★★★